

নতুন বছরে দূরদর্শন আগরতলায় স্থানীয় ধারাবাহিক নাটক

আগরতলা: ১৩ এপ্রিল ২০১৭

বাংলা নতুন বছরের শুরুতে দূরদর্শন কেন্দ্র আগরতলা নিয়ে আসছে ধারাবাহিক নাটক। বিনোদন ও মনোরঞ্জনের ক্ষেত্রে শুরু থেকেই দূরদর্শন কেন্দ্র আগরতলা দর্শক শ্রোতাদের জন্য নানাবিধ অনুষ্ঠানের পরিকল্পনা ও সার্থক সম্প্রচার করে আসছে। এই সরণি ধরেই এবার নতুন ও প্রথমবারের মতো আয়োজিত হচ্ছে ধারাবাহিক। আগামী ১৬ই এপ্রিল, রবিবার, রাত ৮ টা ৩০ মিনিটে শুরু হচ্ছে ধারাবাহিক 'সর্বমঙ্গলা অ্যাপার্টমেন্ট'। পুনঃপ্রচার সোমবার সকাল ৮ টা ৩০ মিনিটে। ত্রিপুরার পরিমণ্ডলে নাগরিক জীবনের আশা-আকাঙ্ক্ষা, সুখ-দুঃখ ও আনন্দের গল্প নিয়ে তৈরি এই ধারাবাহিক। আগরতলার বিশিষ্ট অভিনেতা, অভিনেত্রী ও আগরতলা দূরদর্শনের কলাকুশলীদের টানা আড়াই মাসের পরিশ্রম ও সৃজনশীলতায় তৈরি এই ধারাবাহিক। ত্রিপুরার দর্শকদের প্রতি এই ধারাবাহিক দেখার জন্য দূরদর্শন কেন্দ্র আগরতলার পক্ষ থেকে এক বিবৃতিতে অনুরোধ জানানো হয়েছে।

